# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**29 AUGUST 2025** **7:45—7:55 PM**

---

১) উত্তর-পূর্বাঞ্চলের সমৃদ্ধ ইতিহাস, ভাষা , সঙ্গীত , খাদ্যাভ্যাস এবং প্রাকৃতিক সৌন্দর্যই এই অঞ্চলকে বিশ্বে অনন্য করে তুলেছে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহর মন্তব্য ।

২) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর ভার্চ্যুয়াল ব্যবস্থার মাধ্যমে দেড়গাওয়ের লাচিত বরফুকন পুলিশ একাডেমীতে নির্মীত দেশের দ্বিতীয় জাতীয় সাইবার ফরেনসিক গবেষণাগার এবংকাছাড় জেলার শ্রীকোনার আসাম রাইফেলসের মহাপরিদর্শকের মুখ্য কার্যালয় এবং শিলচরের খনিজ শাখারও উদ্বোধন ।

৩)আগামী পয়লা জানুয়ারী থেকে পঞ্চায়েত প্রতিনিধি তথা তাদের পরিবারের সদস্যদের চিকিৎসার ব্যায়ভার সরকার বহন করবে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার ঘোষণা ।

৪) জম্মুতে কর্তব্যরত অবস্থায় শহীদ বি এস এফ জোওয়ান রাজীব নুনিয়ার শেষকৃত্য আজ সামরিক মর্যাদায় উধারবন্দ শ্মশানে সম্পন্ন ।

এবং

৫) সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায়ও আজ জাতীয় ক্রীড়া দিবস পালিত ।

-----------------------------------------------------------------------------------

উত্তর-পূর্বাঞ্চলের সমৃদ্ধ ইতিহাস, ভাষা , সঙ্গীত , খাদ্যাভ্যাস এবং প্রাকৃতিক সৌন্দর্যই এই অঞ্চলকে বিশ্বে অনন্য করে তুলেছে । কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ আসাম রাজভবণের ব্রম্মপুত্র শাখা উদ্বোধন করে ভাষণ প্রসঙ্গে এই মন্তব্য করেন ।

তিনি বলেন যে বিশ্বের মধ্যে পুরাতন পূর্বোত্তরের শিল্প-সংস্কৃতি বৈচিত্রতায় পরিপূর্ণ । মহারাজ পৃথু থেকে শুরু করে লাচিত বরফুকন পর্যন্ত , বীর চিলারায় থেকে সেনা বাহিনীতে যোগ দেওয়া জওয়ান দেশের জন্য প্রান আহুতি দেওয়া উত্তর-পূর্বাঞ্চলের বীর পুরুষরা ত্যগের মাধ্যমে দেশের সুরক্ষার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এসেছেন বলে তিনি উল্লেখ করেন । তিনি বলেন যে আজকের এই উদ্বোধনী অনুষ্ঠান রাজ্যের জন্য শ্রী গণেশের আশীর্বাদ হিসেবে পরিগণিত হবে । ভবিষ্যতের আসামের সঙ্গে সঙ্গতি রেখে এই ভবণটি নির্মান করা হয়েছে বলে উল্লেখ করে শ্রী শাহ ব্রম্মপুত্রের পারের অপূর্ব পরিবেশের মধ্যে নবনির্মীত রাজভবণটির পরিকল্পনা করার জন্য রাজ্য সরকারের ভূয়সী প্রশংসা করেন ।

রাজ্যের উন্নয়নমুখী যাত্রায় নতুন সংযোজন হিসেবে ৪১ কোটি টাকা ব্যায়সাপেক্ষে নির্মাণ করা এই নতুন রাজভবণগৃহে রাজ্যপালের কার্যালয় , অতিরিক্ত আয়ুক্তের কার্যালয় , প্রধান ব্যাক্তিগত সচিবালয়ের কার্যালয় , সম্মিলন কক্ষ সহ অন্যান্য সুবিধা থাকবে । কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী আজকের এই অনুষ্ঠানস্থল থেকেই ভার্চ্যুয়াল ব্যবস্থার মাধ্যমে দেড়গাওয়ের লাচিত বরফুকন পুলিশ একাডেমীতে দেশের দ্বিতীয় জাতীয় সাইবার ফরেনসিক গবেষণাগারের উদ্বোধন করেন । তিনি বলেন যে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার অনুরোধে দেশের দ্বিতীয় ফরেন্সিক গবেষণাগার আসামে স্থাপন করা হয়েছে । শ্রী শাহ বলেন যে দেশের জনসাধারণের জন্য সাইবার সুরক্ষার প্রয়োজনীয়তার প্রতি লক্ষ রেখে কেন্দ্রীয় সরকার ২০১৯ সালে দিল্লীতে দেশের প্রথম জাতীয় সাইবার ফরেন্সিক গবেষণাগার স্থাপন করেছিল । উল্লেখ্য, ৪৫ কোটি ব্যায়সাপেক্ষে নির্মীয়মান এই ফরেন্সিক গবেষণাগারের মাধ্যমে উত্তর-পূর্বাঞ্চলের প্রত্যেকটি রাজ্যের জন্য বিস্তৃত ডিজিট্যাল অনুসন্ধানের সুবিধা প্রদান করা ছাড়াও আধুনিক ফরেন্সিক পদ্ধতিতে আইন প্রয়োগের ক্ষমতা শক্তিশালী করা হবে । কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী আজ গৌহাটিতে সীমান্ত সুরক্ষা বাহিনীর মুখ্য কার্যালয়ের পৃথক আবাসিক পরিষর এবং আই-টি-বি-পির সোনাপুরে অবস্থিত ৩৩ নম্বর ব্যাটেলিয়ানের ৩শো ৬০ জন জওয়ানের ব্যারেক আধিকারিকের ম্যাস এবং ১০টি বিছানাযুক্ত চিকিৎসালয়ের ভার্চ্যুয়াল ব্যবস্থার মাধ্যমে উদ্বোধন করেন । একই সঙ্গে তিনি শ্রীকোনার আসাম রাইফেলসের মহাপরিদর্শকের মুখ্য কার্যালয় এবং শিলচরের খনিজ শাখারও ভার্চ্যুয়াল উদ্বোধন করেন. এরপর শ্রী শাহ খানাপারায় প্রথম পঞ্চায়েত প্রতিনিধি সম্মিলনে অংশ গ্রহণ করেন । তিনি রাজ্যের প্রত্যেকটি প্রান্ত থেকে আসা কয়েক হাজার নির্বাচিত জাতীয় গণতান্ত্রিক মোর্চার প্রতিনিধিদের উদ্দেশ্যে ভাষণ দেন । তিনি এই সম্মিল থেকেই ২০২৬ সালের বিধানসভার প্রস্তুতি পর্যায়ের সূচনা করেন ।

(বাইট)

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী শ্রীমন্ত শংকরদেব কলাক্ষেত্রে আয়োজিত প্রাক্তন মুখ্যমন্ত্রী গোলাপ বরবরার জন্মশতবর্ষ অনুষ্ঠানেও অংশ গ্রহণ করে প্রয়াত মুখ্যমন্ত্রীর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন ।

সম্মিলনে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আগামী পয়লা জানুয়ারী থেকে পঞ্চায়েত প্রতিনিধি তথা তাদের পরিবারের সদস্যদের চিকিৎসার ব্যায়ভার সরকার বহন করবে বলে ঘোষণা করেন ।

---------------------------------------------------------------------------------------------------

রাজ্যের মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা আগামী পয়লা সেপ্টেম্বর শ্রীভূমি জেলা সফর করবেন । সোমবার সকাল ১০টায় মূখ্যমন্ত্রী পাথারকান্দির আঞ্চলিক পঞ্চায়েত হাইস্কুলের খেলার মাঠে নির্মিত অস্থায়ী হেলিপ্যাডে অবতরন করবেন । তিনি পাথারকান্দিতে মন্ডল বিজেপি কার্যালয়ের উদ্বোধন করবেন এবং পাথারকান্দি মুনডুমালা খেলার মাঠে মূখ্যমন্ত্রীর মহিলা উদ্যোমিতা অভিযানের সূচনা করে জনসভায় বক্তব্য রাখবেন । এরপর মূখ্যমন্ত্রী হেলিকপ্টার যোগে শিলচর ফিরে আসবেন । উল্লেখ্য মূখ্যমন্ত্রীর মহিলা উদ্যোমিতা অনুষ্ঠানে প্রায় ১৫ হাজার হিতাধিকারীর উপস্থিত থাকার সম্ভাবনা রয়েছে ।

আগেই জানানো হয়েছে, আগামী রবিবার মুখ্যমন্ত্রী দুদিনের সফরসূচিতে শিলচর আসছেন।

---------------------------------------------------------------------------------------------------

জম্মুর আকস্মিক বন্যায় কর্তব্যরত অবস্থায় শহীদ বি এস এফ কনস্টেবল রাজীব নুনিয়ার শেষকৃত্য আজ সম্পূর্ণ সামরিক মর্যাদায় সম্পন্ন হয়েছে । কাছাড় জেলার উধারবন্দ শ্মশানে কনস্টেবল (জি ডি) রাজীব নুনিয়াকে গান স্যালুটের মাধ্যমে বি এস এফের পক্ষ থেকে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করা হয় । এতে কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব , জেলার সিনিয়র পুলিশ সুপার নোমাল মহাত্তা ,ধলাইয়ের সম-জেলা আয়ুক্ত এবং অতিরিক্ত জেলা আয়ুক্ত রক্তিম বরুয়া সহ শীর্ষ কর্মীরা পুষ্পার্ঘ্য অর্পণ করে এবং এক মিনিট নীরবতা পালন করে শহীদের প্রতি শেষ শ্রদ্ধা জানান ।

জেলা আয়ুক্ত মৃদুল যাদব শোক ব্যাক্ত করে বলেন যে কনস্টেবল রাজীব নুনিয়ার সাহসিকতা ও জাতির প্রতি তাঁর নিষ্ঠা চিরকাল গৌরবের সঙ্গে স্মরন করা হবে ।

উল্লেখ্য গত বুধবার জম্মু জেলার আখনুর অঞ্চলে আর্ন্তজাতিক সীমান্তে কর্তব্যরত অবস্থায় রাজীব নুনিয়া শহীদ হন । আজ তাঁর মরদেহ দয়াপুরে নিজ বাসগৃহে

পৌছনোর পর শোকাকুল পরিস্থিতির সৃষ্টি হয় ।  গত বছর প্রশিক্ষণ শেষে সরাসরি বি এস এফে যোগ দিয়েছিলেন রাজীব । মাত্র দুমাস আগে জম্মু কাশ্মীরে তাঁর প্রথম পোষ্টিং হয়েছিলো ।

---------------------------------------------------------------------------------------------

আসাম রাজ্য গ্রামীন জীবিকা অভিযানের অর্ন্তগত সখী এক্সপ্রেস প্রকল্পের অধীনে কর্মরত ৯ হাজার ৭শো ৪ জন মহিলাকে আগামীকাল স্কুটি প্রদান করা হবে । এই উপলক্ষে গৌহাটি খানাপাড়ার পশু চিকিৎসা বিজ্ঞান মহাবিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত একটি কার্যসূচিতে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এবং রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী রঞ্জিত কুমার দাস উপস্থিত থাকবেন । এই মহিলাদের স্কুটি প্রদানের মাধ্যমে স্ব-নির্ভর গোষ্ঠীর কাজ-কর্ম তরান্বিত করা ছাড়াও তাদের জীবন যাপনের বিভিন্ন ক্ষেত্রের ব্যায় হ্রাস তথা উপার্জন বৃদ্ধির মাধ্যমে সমৃদ্ধশালী গ্রাম নির্মানের পথ প্রশস্থ করার প্রয়াস গ্রহণ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে আজ শিলচরে জেলা ক্রীড়া সংস্থার ইনডোর স্টেডিয়ামে জাতীয় ক্রীড়া দিবস পালন করা হয়েছে । প্রথমে মেজর ধ্যানচান্দের প্রতিকৃতিতে  জেলা আয়ুক্ত মৃদুল যাদব , অতিরিক্ত আয়ুক্ত ফিলিস হ্রাংচাল , জেলা মিশন সমন্বয়ক বহ্নিকা চেতিয়া , তথ্য ও জনসংযোগ আধিকারীক দীপা দাস ,জেলা ক্রীড়া সংস্থার সভাপতি শিবব্রত দত্ত , সচিব অতনু ভট্টাচার্য্য প্রমূখ শ্রদ্ধা জানিয়েছেন । অনুষ্ঠানে জেলা আয়ুক্ত শ্রী যাদব বলেন যে জাতীয় ক্রীড়া দিবস কেবল মেজর ধ্যানচান্দকে স্মরন করা নয় , আমাদের কাছে একটি বার্তা  যে খেলাধূলা শুধু প্রতিযোগীতা নয় , বরং শৃংখলা ,ঐক্য এবং অধ্যাবসায়ের জীবন দর্শন ।
জেলা ক্রীড়া আধিকারীক সার্চে টেরাং বলেন যে জাতীয় ক্রিড়া দিবস পালনের মাধ্যমে তরুন প্রজন্মের মধ্যে বিভিন্ন খেলাধূলার প্রতি আগ্রহ বাড়ানো সম্ভব  এবং কাছাড় জেলার ঐতিহ্যগত ক্রীড়া সংস্কৃতিকে পুর্নজীবিত করা যাবে ।

---------------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা ক্রীড়া আধিকারীক কার্যালয়ের উদ্যোগে এবং শ্রীভূমি জেলা প্রশাসনের সহযোগীতায় আজ থেকে আগামী রবিবার পর্য্যন্ত , তিনদিন ব্যাপী জাতীয় ক্রীড়া দিবস পালন করা হচ্ছে । এ উপলক্ষ্যে আজ সকাল ৯টায় , জেলার সব শিক্ষা প্রতিষ্ঠানে মেজর ধ্যান চান্দকে শ্রদ্ধা নিবেদন ও শপথ গ্রহন করা হয় । এরপর সকাল ১০টায় জেলা ক্রীড়া আধিকারীকের কার্য্যলয়ে শ্রদ্ধা নিবেদন এবং বিকাল তিনটায় জেলা ক্রীড়া সংস্থার খেলার মাঠে মেজর ধ্যান চান্দের প্রতি শ্রদ্ধা নিবেদন ,শপথ গ্রহন , প্রদর্শনী

ফুটবল খেলা অনুষ্ঠিত হয়েছে ।  আগামীকাল সরস্বতী বিদ্যানিকেতন এইচ এস স্কুলে দাবা প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে । এছাড়া আগামীকাল সকাল ৯টায় জেলা ক্রীড়া সংস্থার মাঠ ও সরস্বতী বিদ্যানিকেতন এইচ এস স্কুলে বিনোদনমূলক ও পরম্পরাগত খেলা , প্রদর্শনীমূলক কাবাডি খেলা ও ওপেন দাবা প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে । আগামী রবিবার সকাল ৭টায় জেলা ক্রীড়া সংস্থার খেলার মাঠ থেকে আকবরপুর কৃষি বিজ্ঞান কেন্দ্র পর্য্যন্ত সাইকেল র‍্যালী এবং বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কার প্রদান করা  হবে ।

---------------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায়ও আজ বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে জাতীয় ক্রীড়া দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে একটি র‍্যালী বের হয়ে শহর পরিক্রমা করে । জেলা আয়ুক্ত অভিষেক জৈন এই র‍্যালীর সূচনা করেন । জেলা ক্রীড়া আধিকারীক নবীন চন্দ্র রাখা  জানান যে জাতীয় ক্রীড়া দিবস উপলক্ষ্যে আজ স্থানীয় টাউন হলে যোগাসন ও দাবা প্রতিযোগীতা অনুষ্ঠিত হচ্ছে এবং আগামীকাল লালায় একটি বন্ধুত্বপূর্ন হকি ম্যাচের আয়োজন করা হয়েছে । এদিকে জাতীয় ক্রীড়া দিবস উপলক্ষ্যে হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থা ও বরাক উপত্যকা ক্রীড়া সাংবাদিক সংস্থার হাইলাকান্দি শাখার উদ্যোগে ডি এস এ ভবনে মেজর ধ্যানচান্দের জীবন ও আর্দশ নিয়ে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । আলোচনা সভায় বাকসের জেলা সভাপতি শতানন্দ ভট্টাচার্য্য , তথ্য ও জনসংযোগ আধিকারীক সাজ্জাদুল হক চৌধুরী , ডি এস এ সভাপতি শৈবাল সেনগুপ্ত প্রমূখ বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------------------------------

আজ জাতীয় ক্রীড়া দিবস । কিংবদন্তী হকী খেলোয়াড় মেজর ধ্যানচান্দের জন্মবার্ষিকীর সঙ্গে সঙ্গতি রেখে প্রতি বছর ২৯ শে আগস্ট এই দিবস পালন করা হয় । এবছর জাতীয় ক্রীড়া দিবসের মূল বিষয় হচ্ছে শান্তিপূর্ণ ও সর্বাত্নক সমাজের প্রসারের জন্য খেলাধূলা । আসামের বিভিন্ন স্থানে আজ সারাদিনব্যাপী নানা কার্যসূচীর মাধ্যমে জাতীয় ক্রীড়া দিবস পালন করা হয়েছে ।

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ এই দিবস পালন করা হয়েছে ।

ডিমা হাসাও জেলা প্রশাসনের উদ্যোগে আজ থেকে বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে জাতীয় ক্রীড়া দিবস উদযাপন করা হচ্ছে । হাফলংয়ের এন এল দাওলাগাপু ক্রীড়া প্রাঙ্গণে জেলা আয়ুক্ত মুনিন্দ্র নাথ এনগাতে আজ তিনদিনব্যাপী এই কার্যসূচীর উদ্বোধন করেন ।

---------------------------------------------------------------------------------------

ধলাই-র বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠন মাতৃভূমি ক্লাবের উদ্যোগে আয়োজিত মাতৃভূমি কাপ প্রাইজমানী ফুটবল প্রতিযোগীতার আগামীকালের তৃতীয় কোয়াটার ফাইনাল খেলায় ইন্ডিয়ান এফ সি এবং ভাগা এফ সি পরস্পরের মূখোমূখি হবে । স্থানীয় বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমূখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার চর্তুথ কোয়াটার ফাইনাল খেলা আগামী রবিবার অনুষ্ঠিত হবে । চর্তুথ কোয়াটার ফাইনালের খেলায় লোকনাথপুর ইয়ং স্টার ক্লাব ও জামালপুর এফ সি পরস্পরের মূখোমূখি হবে ।

---------------------------------------------------------------------------------------